

## ইকোপার্ক

বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয় খুলনা বিভাগের ১০টি জেলার জেলা প্রশাসকগণকে প্রতিটি উপজেলায় ১টি করে ইকোপার্ক গড়ে তোলার নির্দেশনা দেন। নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসক, মেহেরপুর গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ২৫৯ বছরের পুরানো ঐতিহ্য ভাটপাড়া নীলকুঠি ভবনসহ আশে পাশের প্রায় ২৬একর জায়গা নিয়ে জেলা প্রশাসক ইকোপার্কের কাজ শুরু করেন। দ্রুতগতিতে এগিয়ে চলেছে জেলা প্রশাসক ইকোপার্ক তৈরির কার্যক্রম। এটি নির্মাণে বিভাগীয় কমিশনার, খুলনা, ট্যুরিজম বোর্ড, ঢাকা এবং জেলা পরিষদ, মেহেরপুর ও উপজেলা পরিষদ, গাংনী আর্থিক সহযোগিতা প্রদান করেছে। ইতোমধ্যে পার্কের অর্ধেক কাজ শেষ হয়েছে। বেদখল হয়ে যাওয়া জায়গাগুলো পুনরায় উদ্ধার করা সম্ভব হয়েছে। নয়নাভিরাম এই ইকোপার্কটিতে তৈরি করা হয়েছে কৃত্রিম লেক, বিশ্রামের জন্য দৃষ্টিনন্দন কুড়ুঘর, গাছে গাছে বাঁধানো হয়েছে পাখির বাসা, শিশু কিশোরদের মনোরঞ্জন এর জন্য তৈরি করা হয়েছে বিভিন্ন পশু পাখির প্রতিকৃতি, পার্ক জুড়ে তৈরি করা হয়েছে পায়ে চলার পথ, তৈরি করা হয়েছে দৃষ্টিনন্দন পুকুর ও কৃত্রিম পানির ঝরণা। এছাড়া সৌন্দর্য বৃদ্ধি ও নির্মল প্রাকৃতিক পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে পার্কের পশ্চিম পার্শ্ব বয়ে চলা কাজলা নদীর প্রায় আধা কিলোমিটার অংশ খনন করা হয়েছে। মুক্তিযুদ্ধের চেতনা তুলে ধরার প্রয়াস নিয়ে পার্কের ভেতরে মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ নির্মাণের উদ্যোগ গ্রহন করা হয়েছে। আনন্দের বিষয় হল এই যে, এবারের ঈদে অসম্পূর্ণ পার্কটিতে দর্শনার্থীদের উপচে পড়া ভীড় লক্ষ্য করা গিয়েছে।

## লেডিস ক্লাব

গত ১৩ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে মেহেরপুর জেলা সদরে প্রায় ৫ শতাংশ জায়গার উপর লেডিস ক্লাব, মেহেরপুর এর শুভ উদ্বোধন করা হয়। ১টি কনফারেন্স রুম ও সভানেত্রীর কক্ষসহ এটি একটি ৩কক্ষ বিশিষ্ট পরিমার্জিত ও সুশোভিত এক তলা ভবন। এর সাথে রয়েছে গাড়ি পার্কিং এর সুব্যবস্থা। লেডিস ক্লাবের চারপাশ জুড়ে রয়েছে আম, কাঁঠালসহ অন্যান্য গাছের সবুজ বেষ্টিত। লেডিস ক্লাবটি প্রতিষ্ঠায় মেহেরপুর জেলার ৩টি উপজেলার প্রত্যেক উপজেলা নির্বাহী অফিসার, মাননীয় জাতীয় সংসদ সদস্য, মেহেরপুর-২ (গাংনী উপজেলা), মাননীয় মহিলা সংসদ সদস্য, মেহেরপুর, জেলা পরিষদের চেয়ারম্যান এবং মেহেরপুর পৌরসভার মেয়র নানাভাবে সহযোগিতা করেছেন। এছাড়া জেলা প্রশাসক ও লেডিস ক্লাবের নিজস্ব অর্থায়নে আসবাবপত্রসহ অন্যান্য খরচ বহন করা হয়েছে। প্রতিষ্ঠার পর থেকেই এই লেডিস ক্লাবটি দুঃস্থ ও অসহায় মহিলাদের জন্য নানাবিধ জনকল্যাণ-মূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সেলাই মেশিন, ছাগল প্রদান ও কম্বল বিতরণের মাধ্যমে তাদেরকে নানাভাবে সাহায্য করা হচ্ছে এবং অর্থনৈতিকভাবে সাবলম্বী করে তুলছে। এছাড়া শিশু পরিবারের শিশুদের সার্বিক মানসিক বিকাশের লক্ষ্যে লেডিস ক্লাব নিরলস পরিশ্রম করছে। শিশুদের সাংস্কৃতিক কর্মী হিসেবে গড়ে তুলতে হারমোনিয়াম সরবরাহ করা হয়েছে। পবিত্র রমজান মাসে শিশু পরিবারের শিশুদের নিয়ে ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে। লেডিস ক্লাবটি ঈদ-উল-ফিতরে দুঃস্থ ও অসহায়দের মাঝে শাড়ি, লুঞ্জিসহ ইফতার সামগ্রী বিতরণ করেছে।

## ভিক্ষুক মুক্তকরণ

বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয় ২০১৬ সালের ১ আগস্ট একটি সরকারি পত্রজারির মাধ্যমে খুলনা বিভাগের জেলা প্রশাসকগণকে ভিক্ষুকমুক্ত খুলনা গড়ে তোলার পরিকল্পনা ও নির্দেশনা প্রদান করেন। সেই নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসন, মেহেরপুর এ জেলাকে ভিক্ষুকমুক্ত করণের লক্ষ্যে সর্বোচ্চ কর্মোদ্দীপনা নিয়ে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে মেহেরপুর জেলার তালিকাভুক্ত ৬৮২ জন ভিক্ষুকের প্রত্যেককে পুনর্বাসিত করা হয়েছে। ১০টাকা কেজি দরে চাল, VGD কার্ড, ছাগল পালন, কবুতর পালন, নগদ পুঁজি প্রদান, মুদি দোকান স্থাপন, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, সেলাই মেশিন প্রদান এবং গরু বিতরণসহ বিবিধ উপায়ে পুনর্বাসন/কর্মসংস্থান করা হয়েছে। পুনর্বাসিত প্রত্যেক ভিক্ষুককে মনিটরিং করার জন্য উপপরিচালক, স্থানীয় সরকার ও অতিরিক্ত জেলা প্রশাসকগণ এর নেতৃত্বে একাধিক মনিটরিং টিম গঠন করা হয়েছে। সহকারি কমিশনার (ভূমি) এবং ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তাগণ প্রত্যেক পুনর্বাসিত ভিক্ষুকের বাড়িতে গিয়ে (door to door) তাদের বর্তমান অবস্থার খোঁজ নিচ্ছে। ইতোমধ্যে মেহেরপুর জেলার সকল ইউনিয়ন, পৌরসভা এবং উপজেলাকে ভিক্ষুকমুক্ত ঘোষণা করা হয়েছে। সর্বশেষ মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলায় পুনর্বাসিত সকল ভিক্ষুকের সাথে ইউনিয়ন ওয়ারী ইফতার অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ঈদ-উল-ফিতর উপলক্ষে সকল পুনর্বাসিত ভিক্ষুককে চাল, সেমাই, চিনি, ছোলা, গুড়োঁ দুধ ও তেল প্রদান করা হয়েছে।

## ডিজিটাল ফাইলিং ও সেকশন ইন্টেরিয়র

প্রতিটি সেকশনের ইন্টেরিয়র ওয়াল কেবিনেট দ্বারা সুসজ্জিত করা হয়েছে। পদ্ধতিগত ব্রাউন পেপারের ট্রেডিশনাল ফাইলের পরিবর্তে আধুনিক মানসম্মত ফাইলের ব্যবস্থা করা হয়েছে। ফাইলটিতে আগত ডাক, ই-মেইলে জারিকৃত পত্র এবং নোটিশসমূহ পাঞ্চ করে সংরক্ষণ করা হয়।